



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৬
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৭

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

প্রবাসীদের কল্যাণের নিমিত্ত কর্মসংস্থানের উদ্দেশ্যে ২০২১-২২, ২০২২-২৩ ও চলমান ২০২৩-২৪ অর্থবছরে এ পর্যন্ত ১৩৬২১৬ জনকে ৩১০৩ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং বিতরণকৃত ঋণের বিপরীতে ১৪৫৬ কোটি টাকা আদায় করা হয়েছে। সেবা সম্প্রসারণের লক্ষ্যে উক্ত সময়ে নতুন ৩৯টি শাখা খোলার ফলে বর্তমানে মোট শাখার সংখ্যা ১২০ টিতে উন্নীত হয়েছে। ০১ জানুয়ারি, ২০১৪ থেকে ব্যাংকের প্রতিটি শাখায় অটোমেশন বা অনলাইন ব্যাংকিং চালুর মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করা হচ্ছে। বিগত ৩০ জুন, ২০২২ তারিখ হতে হিসাবের স্বচ্ছতা আনয়ন ও ডিজিটাল ব্যাংকিং সেবা প্রবর্তনের লক্ষ্যে কোর ব্যাংকিং সল্যুশন (সিবিএস) চালু রয়েছে। শ্রেণিকৃত ঋণ (নন-পারফর্মিং ঋণ) এর হার ৯% এর নিচে নামিয়ে আনা হয়েছে। প্রবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণের পাশাপাশি নারীর ক্ষমতায়ন নিশ্চিতকল্পে এ সময়ে প্রায় ২৫০০ জন নারী উদ্যোক্তা সৃষ্টি করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

শ্রেণিকৃত ঋণ (নন-পারফর্মিং ঋণ), ব্যাংকিং সেবা বঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছানো, গ্রাহক সেবার মানোন্নয়ন ও তথ্যপ্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

অধিক পরিমাণে ভালো ঋণ প্রদানের পাশাপাশি শ্রেণিকৃত ঋণ (নন-পারফর্মিং ঋণ) আদায়ের পরিমাণ বাড়ানো, ব্যাংকের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া, পর্যায়ক্রমে সকল জেলা ও উপজেলা পর্যায়ে ব্যাংকের শাখা খোলা এবং শাখাসমূহকে ডিজিটাল ব্যাংকিং সিস্টেমের আওতায় আনার কার্যক্রম বাস্তবায়ন।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিদেশ গমনেচ্ছু ও বিদেশ ফেরত কর্মীদের মাঝে ১৪১৫ কোটি টাকা ঋণ বিতরণ;
- ৭০০ জন নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি;
- অশ্রেণিকৃত ঋণের ৮০০ কোটি টাকা আদায়;
- শ্রেণিকৃত ঋণ (নন-পারফর্মিং ঋণ) হতে ৫০ কোটি টাকা আদায়;
- অটোমেটেড নতুন ১০ টি শাখা খোলা;
- অনিষ্পন্ন মামলার ১৫% নিষ্পন্ন করা;
- পরিচালন মুনাফা ১১০ কোটি টাকা অর্জন; এবং
- ১৫-০৬-২০২৫ তারিখের মধ্যে এইচআরএমএস সফটওয়্যার চালুকরণ

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

কর্মসংস্থানের উদ্দেশ্যে বিদেশে গমনকৃত প্রবাসীদের নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ ও প্রবাস ফেরত কর্মীদের পুনর্বাসন (রিইন্টিগ্রেশন) এর লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংককে আস্থার প্রতীক হিসেবে প্রতিষ্ঠাকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী পন্থায় নিরাপদে ও দ্রুততার সঙ্গে বিদেশ থেকে রেমিট্যান্স প্রেরণে সহায়তা প্রদান এবং বিদেশগামী ও বিদেশ ফেরত কর্মীদের সহজ শর্তে স্বল্পসময়ে ‘অভিবাসন ঋণ’ ও ‘পুনর্বাসন (রিইন্টিগ্রেশন) ঋণ’ প্রদান।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রবাসগামী ও প্রবাস ফেরত কর্মীদেরকে ঋণ প্রদানের মাধ্যমে দেশে ও প্রবাসে প্রবাসী কল্যাণ নিশ্চিতকরণ
২. ঋণ আদায় ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও আর্থিক শৃঙ্খলা জোরদারকরণ
৩. প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা, শাখা সম্প্রসারণ, অটোমেশন ও ব্যবসা সহজীকরণের মাধ্যমে উন্নত ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ ও প্রাতিষ্ঠানিক কার্যকারিতা বৃদ্ধি
৪. নারীদের মাঝে ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. চাকুরী নিয়ে বিদেশ গমনকারীদের অনুকূলে ঋণ প্রদান;
২. বিদেশ হতে প্রত্যাগত বাংলাদেশী কর্মীদের অনুকূলে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ঋণ প্রদান;
৩. প্রবাসী বাংলাদেশীদের উপার্জিত অর্থ সহজে ও ব্যয়-সাশ্রয়ী উপায়ে দেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণ এবং তা সংশ্লিষ্টদের নিকট সহজে ও ব্যয় সাশ্রয়ী উপায়ে পৌঁছানো নিশ্চিতকরণ;
৪. প্রবাসী বাংলাদেশীদের দেশে সেবা খাতসহ উৎপাদনশীল বিনিয়োগে উৎসাহিতকরণ ও ঋণ প্রদান; এবং
৫. বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় আরোপিত শর্তাবলী সাপেক্ষে আমানত গ্রহণ ইত্যাদি।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
২০৩০ সালের মধ্যে ৪৫০০০০ জনকে ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃজন ও প্রবাসী কল্যাণ নিশ্চিতকরণ	দেশে ও প্রবাসে কর্মসংস্থান সৃজন ও প্রবাসী কল্যাণের লক্ষ্যে প্রবাসগামী ও প্রবাসফেরত কর্মীদের মাঝে ঋণ বিতরণ	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	১৩৫১৪১	১৮৪০৫৬	২৩০০০০	২৮০০০০	৩৩০০০০	প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখাসমূহ	নির্বাচনী ইশতেহার, ২০২৪ ও প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০
২০৩০ সালে ব্যাংকের শ্রেণিকৃত ঋণ সর্বোচ্চ ৯% এ সীমাবদ্ধ রাখা	ব্যাংকের শ্রেণিকৃত ঋণের হার হ্রাসকরণ	% (ক্রমপুঞ্জিভূত)	৭.৫৮	৭.৫০	৭.৫০	৭.৪০	৭.৩০	প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখাসমূহ	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
২০৩০ সালের মধ্যে ১০,০০০ জন নারীকে ঋণ প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন	প্রবাসগামী ও প্রবাসফেরত নারীদের মাঝে ঋণ বিতরণ	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	৩৭৭৮	৪৮২১	৫৮০০	৬৮০০	৭৮০০	প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখাসমূহ	নির্বাচনী ইশতেহার, ২০২৪ ও টেকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ
২০৩০ সালের মধ্যে শাখার সংখ্যা ৩২৫টিতে উন্নীতকরণের মাধ্যমে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ	শাখার সংখ্যা	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	১২০	১২২	১৩৫	১৫৫	১৮০	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংক	জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] প্রবাসগামী ও প্রবাস ফেরত কর্মীদেরকে ঋণ প্রদানের মাধ্যমে দেশে ও প্রবাসে প্রবাসী কল্যাণ নিশ্চিতকরণ	২০	[১.১] অভিবাসন ঋণ বিতরণ	[১.১.১] বিতরণকৃত অভিবাসন ঋণ	সমষ্টি	কোটি টাকা	৭	৭৯৯.৫৫	১১৩৭.২২	১৩২৫	১১০০	১০০০			১৫০০	১৭০০
		[১.২] প্রবাসফেরত কর্মীদেরকে পুনর্বাসন (রিইন্টিগ্রেশন) ঋণ (ব.অ.ব.প, বিশেষ পুনর্বাসন, আত্মকর্মসংস্থানমূলক ঋণ ইত্যাদি) বিতরণ	[১.২.১] বিতরণকৃত পুনর্বাসন ঋণ	সমষ্টি	কোটি টাকা	৬	১৫১.০৭	৯৭.৬৬	৭০	৬০	৫৫			৭৫	৮০
		[১.৩] সিএমএসএমই ঋণ বিতরণ	[১.৩.১] বিতরণকৃত সিএমএসএমই ঋণ	সমষ্টি	কোটি টাকা	৫		৭.২৮	১০	৮	৭			১৩	১৫
		[১.৪] কৃষি ও মাইক্রো ক্রেডিট বিতরণ	[১.৪.১] বিতরণকৃত কৃষি ও মাইক্রো ক্রেডিট ঋণ	সমষ্টি	কোটি টাকা	২			৩	২.৫	২			৫	৭
[২] ঋণ আদায় ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও আর্থিক শৃঙ্খলা জোরদারকরণ	২০	[২.১] অশ্রেণীকৃত ঋণ আদায়	[২.১.১] আদায়কৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	৬	৪৬০.৭৭	৬৭৩	৮০০	৭০০	৬৫০			৯০০	১০০০
		[২.২] শ্রেণিকৃত (নন- পারফর্মিং) ঋণ আদায়	[২.২.১] আদায়কৃত ঋণ	সমষ্টি	কোটি টাকা	৬	৩৩.১৯	৪০	৫০	৪০	৩৮			৬০	৭০
		[২.৩] মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি	[২.৩.১] মামলা নিষ্পত্তির হার	ক্রমপুঞ্জিভূত	%	৩	১৯.২০	১৭.১৪	১৫	১৩	১২			১৫	১৫
		[২.৪] ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন	[২.৪.১] পরিচালন মুনাফা	ক্রমপুঞ্জিভূত	কোটি টাকা	৫	৯৭.৭৬	৯৯.৩০	১০২	১০০	৯৫			১৩০	১৪০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা, শাখা সম্প্রসারণ, অটোমেশন ও ব্যবসা সহজীকরণের মাধ্যমে উন্নত ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ ও প্রাতিষ্ঠানিক কার্যকারিতা বৃদ্ধি	১৫	[৩.১] অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	[৩.১.১] অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তির হার	ক্রমপুঞ্জিভূত	%	২	৫৮.৫২	২২.৮৭	৫০	৪৫	৪০			৫০	৫০
		[৩.২] বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তিকরণ	[৩.২.১] বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তির হার	ক্রমপুঞ্জিভূত	%	২	১০০	৮৩.৪৮	৮০	৭৫	৭০			৮০	৮০
		[৩.৩] অটোমেটেড নতুন শাখা চালুকরণ	[৩.৩.১] নতুন শাখার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২	২০	২	১০	৮	৭			১৫	২০
		[৩.৪] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ।	[৩.৪.১] ওয়ান স্টপ সার্ভিস চালুকৃত শাখা/ অফিস	সমষ্টি	সংখ্যা	২	১৫	১৫	১৫	১৩	১২			১৫	১৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[৩.৫] স্মার্ট প্রশাসনিক ব্যবস্থাপনা ও প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন	[৩.৫.১] এইচআরএমএস সফটওয়্যার চালুকরণ	তারিখ	তারিখ	২			১৫.০৬.২৪	৩০.০৬.২৪					
			[৩.৫.২] ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য লার্নিং সেশন ও ১০ম ও তদনিম্ন কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	গড়	জন ঘন্টা	২			৬০	৫০	৪০			৬০	৬০
		[৩.৬] শূন্যপদ পূরণের লক্ষ্যে জনবল নিয়োগ	[৩.৬.১] নিয়োগপত্র ইস্যুকৃত	সমষ্টি	সংখ্যা	২			১৫০	১০০	৯০			১৮০	২০০
		[৩.৭] আওতাধীন অফিসের এপিএ বাস্তবায়ন কার্যক্রম ও প্রমাণক ব্যবস্থাপনা পরিবীক্ষণ	[৩.৭.১] পরিবীক্ষণের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	১			১২	১০	৮			১২	১২
[৪] নারীদের মাঝে ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন	১৫	[৪.১] নারী অভিবাসন ঋণ বিতরণ	[৪.১.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৫	৩.২৯	৬.৮৪	৭	৬	৫			৮	৮
		[৪.২] নারী উদ্যোক্তা সৃষ্টি	[৪.২.১] নারী উদ্যোক্তাদের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৫	৮৮২	৭৯০	৭০০	৬০০	৫৫০			৭০০	৭২০
		[৪.৩] নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ	[৪.৩.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৫	২৪.৫৮	২২.০৭	২০	১৮	১৭			২৫	২৮


কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট
অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক-এর নিকট
অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক

২৭/০৮/২০২৪

তারিখ



সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

২৭/০৮/২০২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এইচআরএমএস	হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট সিস্টেম
২	ব.অ.বৃ.প ঋণ	বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] অভিবাসন ঋণ বিতরণ	[১.১.১] বিতরণকৃত অভিবাসন ঋণ	ঋণ ও অগ্রিম বিভাগ	প্রোডাক্টোওয়াইজ বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত শাখাভিত্তিক ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[১.২] প্রবাসফেরত কর্মীদেরকে পুনর্বাসন (রিইন্টিগ্রেশন) ঋণ (ব.অ.ব.প, বিশেষ পুনর্বাসন, আত্মকর্মসংস্থানমূলক ঋণ ইত্যাদি) বিতরণ	[১.২.১] বিতরণকৃত পুনর্বাসন ঋণ	ঋণ ও অগ্রিম বিভাগ	প্রোডাক্টোওয়াইজ বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত শাখাভিত্তিক ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[১.৩] সিএমএসএমই ঋণ বিতরণ	[১.৩.১] বিতরণকৃত সিএমএসএমই ঋণ	ঋণ ও অগ্রিম বিভাগ	প্রোডাক্টোওয়াইজ বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত শাখাভিত্তিক ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[১.৪] কৃষি ও মাইক্রো ক্রেডিট বিতরণ	[১.৪.১] বিতরণকৃত কৃষি ও মাইক্রো ক্রেডিট ঋণ	ঋণ ও অগ্রিম বিভাগ	প্রোডাক্টোওয়াইজ বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত শাখাভিত্তিক ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[২.১] অশ্রেণীকৃত ঋণ আদায়	[২.১.১] আদায়কৃত ঋণ	আদায় ও আইন বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ঋণ আদায়ের সার-সংক্ষেপ
[২.২] শ্রেণীকৃত (নন-পারফর্মিং) ঋণ আদায়	[২.২.১] আদায়কৃত ঋণ	আদায় ও আইন বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ঋণ আদায়ের সার-সংক্ষেপ
[২.৩] মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি	[২.৩.১] মামলা নিষ্পত্তির হার	আদায় ও আইন বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত সার-সংক্ষেপ/প্রত্যয়ন
[২.৪] ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন	[২.৪.১] পরিচালন মুনাফা	কেন্দ্রীয় হিসাব, অর্থ, বাজেট ও রেমিট্যান্স বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত আয়-ব্যয় বিবরণী
[৩.১] অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	[৩.১.১] অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তির হার	কমপ্লায়েন্স বিভাগ	অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা, উত্থাপিত অডিট আপত্তির সংখ্যা, নিষ্পত্তির সুপারিশকৃত অডিট আপত্তির সংখ্যা ও নিষ্পত্তিকরণ পত্রের স্মারক নম্বর ও তারিখ উল্লেখপূর্বক সামারি শিট
[৩.২] বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তিকরণ	[৩.২.১] বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তির হার	কমপ্লায়েন্স বিভাগ	পরিদর্শনের তারিখ, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী, প্রদত্ত সুপারিশের সংখ্যা ও বাস্তবায়িত সুপারিশের সংখ্যা সংবলিত বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত সামারি শিট
[৩.৩] অটোমেটেড নতুন শাখা চালুকরণ	[৩.৩.১] নতুন শাখার সংখ্যা	শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত শাখা চালুকরণ সংক্রান্ত প্রত্যয়ন
[৩.৪] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ।	[৩.৪.১] ওয়ান স্টপ সার্ভিস চালুকৃত শাখা/অফিস	শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ সংক্রান্ত অফিস আদেশ/প্রত্যয়ন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.৫] স্মার্ট প্রশাসনিক ব্যবস্থাপনা ও প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন	[৩.৫.১] এইচআরএমএস সফটওয়্যার চালুকরণ	মানব সম্পদ ও কল্যাণ বিভাগ এবং আইটি সিস্টেমস বিভাগ	সিস্টেম চালুকরণের অফিস আদেশ ও সিস্টেমটি চালু রয়েছে মর্মে দপ্তর প্রধানের প্রত্যয়ন
	[৩.৫.২] ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য লার্নিং সেশন ও ১০ম ও তদনিম্ন কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রবাসী কল্যাণ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট	প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রিন্সিপাল কর্তৃক স্বাক্ষরিত সামারি শিট, যাতে প্রশিক্ষণের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণের নোটিশের স্মারক নম্বর উল্লেখ থাকবে।
[৩.৬] শূন্যপদ পূরণের লক্ষ্যে জনবল নিয়োগ	[৩.৬.১] নিয়োগপত্র ইস্যুকৃত	মানব সম্পদ ও কল্যাণ বিভাগ	শূন্য পদের নাম, শূন্য পদের সংখ্যা, পূরণকৃত পদের সংখ্যা এবং নিয়োগ আদেশের তারিখ ও স্মারক উল্লেখপূর্বক সামারি শিট
[৩.৭] আওতাধীন অফিসের এপিএ বাস্তবায়ন কার্যক্রম ও প্রমাণক ব্যবস্থাপনা পরিবীক্ষণ	[৩.৭.১] পরিবীক্ষণের সংখ্যা	এপিএ টিম	পরিবীক্ষণের তারিখ, স্থান/সাইট/অফিসের নাম, পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবী সংবলিত সামারি শিট
[৪.১] নারী অভিবাসন ঋণ বিতরণ	[৪.১.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণ ও অগ্রিম বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[৪.২] নারী উদ্যোক্তা সৃষ্টি	[৪.২.১] নারী উদ্যোক্তাদের সংখ্যা	ঋণ ও অগ্রিম বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ঋণ বিতরণের সার-সংক্ষেপ
[৪.৩] নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ	[৪.৩.১] বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণ ও অগ্রিম বিভাগ	বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ঋণ বিতরণের সার-সংক্ষেপ

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
অটোমেটেড নতুন শাখা চালুকরণ	নতুন শাখার সংখ্যা	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়	দাপ্তরিক পত্রালাপ ও যোগাযোগ
অটোমেটেড নতুন শাখা চালুকরণ	নতুন শাখার সংখ্যা	বাংলাদেশ ব্যাংক	দাপ্তরিক পত্রালাপ ও যোগাযোগ
বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তিকরণ	বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন আপত্তি নিষ্পত্তির হার	বাংলাদেশ ব্যাংক	দাপ্তরিক পত্রালাপ ও যোগাযোগ